# Litigant Portal

সুপ্রিয় দর্শকশ্রোতা, এ ভিডিওতে 'আমার মামলা' পোর্টালের ব্যবহারকারীর নিবন্ধন প্রক্রিয়া এবং উক্ত পোর্টালের হোমপেইজে মামলা অর্ন্তভূক্ত করা, নোট নেয়া ইত্যাদি বিষয়াবলী সর্ম্পকে জানবো ।

১. 'আমার মামলা' পোর্টাল ব্যবহার করার জন্য উক্ত সিস্টেমে ব্যবহারকারীকে নিবন্ধন করতে হবে। কয়েকটি সহজ ধাপে এ নিবন্ধন প্রক্রিয়া সম্পন্ন করা সম্ভব। ডিভাইসের ব্রাউজারের অ্যাড্রেস বারে গিয়ে "litigant.judiciary.org.bd" টাইপ করে 'Enter' বাটনে প্রেস করলে আপনি 'আমার মামলা' পোর্টালের লগ-ইন পেইজে চলে আসবেন।
নিবন্ধনের জন্য উক্ত পেইজে 'নিবন্ধন' বাটনে ক্লিক করলে পরবর্তী পেইজে আপনার কিছু তথ্যাদি চাওয়া হবে। উক্ত পেইজে প্রয়োজনীয় তথ্যাদি, যথা: ইমেইল অ্যাড্রেস, ইউজার আইডি, মোবাইল নম্বর এবং পূর্ণ নাম দিয়ে 'নিবন্ধন' বাটনে ক্লিক করলে আপনার দেয়া ইমেইল অ্যাড্রেসে একটি ওটিপি (ওয়ান টাইম পাসওয়ার্ড) প্রেরণ করা হবে। ওটিপি প্রদান করার পর পাসওয়ার্ড সেট করলে ব্যবহারকারী-একাউন্টের নিবন্ধন প্রক্রিয়াটি সম্পন্ন হবে।

২. এবার আমরা দেখবো 'আমার মামলা' পোর্টালের হোমপেইজে মামলা অর্ন্তভূক্ত করার ও নোট নেয়ার পদ্ধতি।

২.১ উক্ত পোর্টালের হোমপেইজে বাম দিকে 'মামলা অন্তর্ভূক্ত করুন' বাটনে ক্লিক করলে যে পেইজটি ওপেন হবে তাতে দেওয়া বিভিন্ন ড্রপডাউন মেন্যু থেকে যথাক্রমে বিভাগ, জেলা, আদালতের নাম ও তারিখ নির্বাচন করে মামলা অনুসন্ধান করা যাবে। কাংক্ষিত মামলার বিভাগ, জেলা, আদালতের নাম ও তারিখ নির্বাচন করে 'অনুসন্ধান করুন' বাটনে ক্লিক করলে উক্ত তারিখের মামলার একটি তালিকা পাওয়া যাবে। মামলার তালিকা থেকে কাংক্ষিত মামলাটির সর্বডানে থাকা চেক বক্সে টিক দিয়ে 'সংরক্ষণ' বাটনে ক্লিক করলে উক্ত মামলাটির সিস্টেমে অন্তর্ভূক্তি সম্পন্ন হবে।

২.২ 'আমার মামলা' বাটনে ক্লিক করলে অন্তর্ভূক্ত মামলার তালিকা জেলাভিত্তিক ক্রমানুসারে দেখা যাবে। সংশ্লিষ্ট জেলার উপর ক্লিক করলে, উক্ত জেলা হতে সিস্টেমে অন্তর্ভূক্ত সকল মামলার একটি তালিকা দেখা যাবে। তালিকা হতে কাংক্ষিত মামলার ডান দিকে 'Eye' বাটনে ক্লিক করলে মামলাটির 'দায়েরের তারিখ', 'বাদী ও বিবাদীর নাম ও মোবাইল নম্বর', 'এযাবৎ কালের সকল শুনানির তারিখ', 'গৃহীত কার্যক্রম', 'সংক্ষিপ্ত আদেশ' ও 'মামলার অবস্থান' জানা যাবে। এই পেইজের 'বাদ দিন' বাটনে ক্লিক করে কোনো মামলা ডিলিট করা যাবে।

২.৩ হোমপেইজের বামদিকে 'মামলার নোট নেই' মেন্যুতে ক্লিক করে মামলা সম্পর্কিত প্রয়োজনীয় কোনো নোট প্রদান করা যাবে। এজন্য সিস্টেমে অন্তর্ভুক্ত কোনো মামলার সর্বডানে নীল রংয়ের 'প্লাস' আইকনে ক্লিক করলে নোট যোগ করার একটি ডায়লগ বক্স আসবে । উক্ত বক্সে কাঙ্খিত নোটটি টাইপ করে 'সংরক্ষণ' বাটনে ক্লিক করে সংরক্ষণ করতে হবে, যা পরবর্তীতে চাইলে 'Eye' বাটনে ক্লিক করে 'আপডেট করা' বা 'বাদ দেয়া' যাবে।

২.৪ ‘সেবাসমূহ’ মেন্যু ক্লিক করলে বিভিন্ন ধরনের সরকারি ও বিচারিক সেবা প্রদানকারী প্রতিষ্ঠান ও সংস্থার হটলাইন নম্বর, মোবাইল নম্বর, ওয়েব লিংক, ওয়েব অ্যাড্রেস ইত্যাদি পাওয়া যাবে।

২.৫ ‘প্রোফাইল’ বাটনে ক্লিক করে আপনার বিভিন্ন ব্যাক্তিগত তথ্য, প্রোফাইলের ছবি ইত্যাদি আপডেট করা যাবে।

সুপ্রিয় সুধী, এভাবে ‘আমার মামলা’ পোর্টালের ব্যবহারকারীর নিবন্ধন প্রক্রিয়া এবং উক্ত পোর্টালের হোমপেইজের বিভিন্ন অপশন সর্ম্পকে জানা যাবে।